দৈনিক বাংলা

তারিখ 19 JAN 1986
পৃষ্ঠা 7 কলাম 3

15

# ভিকারুন নিসা নুন স্কুলে দ্বিতীয় শিফট চালু

শিক্ষাসচিব কাজী জালালউদ্দিন আহমেদ বৃহস্পতিবার ঢাকায় ভিকারুননিসা নুন স্কুলে আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় শিফট উদ্বোধন করেন। খবর বাসসর।

তিনি বলেন, গত বছর ঢাকা মহানগরীর ১০টি স্কুলসহ ৪৭টি বেসরকারী হাইস্কুলের প্রত্যেকটিকে তিন লাখ করে টাকা দেয়া হয় যাতে করে সেগুলো ভর্তি ক্ষমতা বাড়াতে পারে।

তিনি আশা করেন যে, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান ও ভিকারুননিসা নুন স্কুলের দৃষ্টান্তে উদ্বুদ্ধ হয়ে ডবল শিফট চালু করবে।

ভিকারুননিসা নুন স্কুলের পরিচালক মন্ডলীর চেয়ারম্যান ডঃ মিসেস আমিনা রহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এতে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মহাপরিচালক ডঃ এ এইচ এম করিম, ঢাকার ডেপুটি কমিশনার জনাব বদিউর রহমান এবং অধ্যক্ষ মিসেস হামিদা আলী

১৮৮৯ ১৩৯৯৮